# Official Visit of Foreign Minister of New Zealand to India (February 7-10, 2023)

February 07, 2023

---

# নিউজিল্যান্ডের বিদেশ মন্ত্রীর সরকারি ভারত সফর (ফেব্রুয়ারি 7-10,2023)

ফেব্রুয়ারি 07,2023

ভারতের বিদেশ মন্ত্রী ডক্টর এস জয়শঙ্করের আমন্ত্রণে নিউজিল্যান্ডের বিদেশ মন্ত্রী মাননীয়া নানাইয়া মাহুটা 07-10 ফেব্রুয়ারি 2023 সরকারি সফরে ভারতে এসেছেন। তার সাথে উচ্চপর্যায়ের সরকারি ও ব্যবসায়ি প্রতিনিধি দল রয়েছে। বিদেশ মন্ত্রী হিসেবে নানাইয়া মাহুটার এই প্রথম ভারত সফরে তিনি দিল্লি ও মুম্বাই পরিদর্শনে যাবেন।

2.বিদেশ মন্ত্রী ডক্টর এস জয়শঙ্কর 07 ফেব্রুয়ারি 2023 সফররত বিদেশ মন্ত্রীর সাথে দ্বিপাক্ষিক বিষয়ে আলোচনার আয়োজন করেছেন। সেখানে তারা অর্থনৈতিক সহযোগিতা, শিক্ষা বিষয়ে আদানপ্রদান, প্রতিরক্ষা এবং জনগণের সাথে জনগণের যোগাযোগ সহ সামগ্রিক দ্বিপাক্ষিক বিষয়ে বিস্তারিত আলোচনা করেছেন। আঞ্চলিক এবং আন্তর্জাতিক বিষয়েও তারা তাদের নিজ নিজ দৃষ্টিভঙ্গি বিনিময় করেছেন এবং আইন সম্মত, শান্তিপুর্ণ , স্থিতিশীল ও সমৃদ্ধশালী প্রশান্ত মহাসাগরীয় অঞ্চল সম্পর্কে ভারত ও নিউজিল্যান্ডের যে দর্শন সেই বিষয়েও দুইজন আলোচনা করেছেন।

3. বিদেশ মন্ত্রী মাহুটা ভারতের বিদেশ মন্ত্রীকে ইন্টারন্যাশনাল সোলার এলায়েন্সের (আইএসএ) স্বাক্ষর করা প্রতিলিপি প্রদান করেন যা এই উদ্যোগে নিজিল্যান্ডের অন্তর্ভুক্তির রাস্তা সুগম করবে।

4. বিদেশ মন্ত্রী মাহুটার এই সফরের পর ভারতের বিদেশ মন্ত্রী ডক্টর এস জয়শঙ্কর 2023 এর অক্টোবর মাসে নিউজিল্যান্ড সফরে যাবেন।

5. গণতান্ত্রিক ঐতিহ্যের উপর ভিত্তি করে ভারত ও নিউজিল্যান্ডের মধ্যে ঘনিষ্ট দ্বিপাক্ষিক সম্পর্ক রয়েছে যা দুই দেশের জনগণে মধ্যে সুসম্পর্কের ফলে আরও জোরদার হয়েছে। দুই দেশের মধ্যে বিভিন্ন ক্ষেত্রে সহযোগিতার সম্পর্ক রয়েছে, যেমন অর্থনৈতিক, রাজনৈতিক, প্রতিরক্ষা, শিক্ষা এবং বিজ্ঞান ও প্রযুক্তি।

**নিউ দিল্লি**
**ফেব্রুয়ারি 07,2023**

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.